প্রধানমন্ত্রীর সঙ্গে তিন বাহিনী প্রধানের সৌজন্যে সাক্ষাৎ



প্রধানমন্ত্রীর সঙ্গে তিন বাহিনী প্রধানের সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

দ্বিতীয় দিনের মতো দপ্তরে দায়িত্ব পালন করছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। দিনের শুরুতেই তিনি গুরুত্বপূর্ণ একাধিক বৈঠকে অংশ নেন।

বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সকালে প্রথমে এনএসআই ও ডিজিএফআইয়ের মহাপরিচালকদের সঙ্গে আলাদাভাবে বৈঠক করেন তিনি। পরে তিন বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠকে বসেন প্রধানমন্ত্রী। এতে উপস্থিত ছিলেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন এবং নৌবাহিনী প্রধান ভাইস অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান। বৈঠকে সামগ্রিক নিরাপত্তা পরিস্থিতি ও বাহিনীগুলোর কার্যক্রম নিয়ে আলোচনা হয় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বেলা সাড়ে ১১টায় 'ফ্যামিলি কার্ড' চালুর প্রস্তুতি চূড়ান্ত করতে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভায় যোগ দেন সরকারপ্রধান। কর্মসূচির বাস্তবায়ন কৌশল ও সমন্বয় নিয়ে সেখানে বিস্তারিত পর্যালোচনা হয়।

দুপুরে আরও একটি আন্তঃমন্ত্রণালয় বৈঠকে অংশ নেওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। ওই বৈঠকে আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি এবং দেশব্যাপী নদী, খাল ও জলাধার খনন ও পুনঃখনন পরিকল্পনা নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।